# সম্প্রসারণ বার্তা

মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৬তম বর্ষ ❑ ১২তম সংখ্যা ❑ চৈত্র-১৪২৯, মার্চ-এপ্রিল-২০২৩ ❑ পৃষ্ঠা ৮



ঝালকাঠি সদরে কৃষকদের মাঝে প্রণোদনা বিতরণ ... ২

বরিশালে লেবুজাতীয় ফসল বিষয়ক কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের ... ৩

স্মার্ট কৃষিতে চতুর্থ শিল্প বিপ্লবের ব্যবহারের পরিকল্পনা গ্রহণ ... ৪

বিএডিসি সারাদেশে এখন ২৫ ভাগের ওপর বীজ সরবরাহ ... ৫


## কৃষি আধুনিক হলেই মানুষের জীবনমানের উন্নয়ন হবে: মাননীয় কৃষিমন্ত্রী

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, গতানুগতিক কৃষিকাজ করে মানুষের জীবনমানের পরিবর্তন হবে না। কৃষি আধুনিক হলেই মানুষের জীবনমানের উন্নয়ন হবে। সেজন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার কৃষিকে আধুনিক ও লাভজনক করতে কাজ করছে। কৃষি উৎপাদন, প্রক্রিয়াজাত ও রপ্তানি বৃদ্ধিতে বর্তমান সরকার সমন্বিত কর্মসূচি বাস্তবায়ন করছে। নানান উদ্যোগের ফলে কৃষি এখন যান্ত্রিকীকরণ হচ্ছে, কৃষিপণ্যের প্রক্রিয়াজাত বাড়ছে ও রপ্তানিও বাড়ছে। ০৬ এপ্রিল ২০২৩ বৃহস্পতিবার সকালে রাঙ্গামাটি ও দ্বিচানপাড়ায় ভার্মিকম্পোস্ট, সূর্যমুখীর ক্ষেত, মাল্টা, আনারস কাজুবাদাম ও কফি বাগান পরিদর্শন এবং চাষিদের সাথে মতবিনিময়কালে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, ভিয়েতনাম কাজুবাদাম রপ্তানি করে বছরে ৪০ হাজার কোটি টাকা আয় করে। দেশটি যে পরিমাণ রপ্তানি করে, তার ৪০ ভাগ স্থানীয়ভাবে উৎপাদন করে। বাকি ৫০-৬০ ভাগ বিদেশ থেকে আমদানি করে প্রক্রিয়াজাত করে রপ্তানি করে থাকে। আমাদের দেশেও কাজুবাদাম উৎপাদন ও প্রক্রিয়াজাত করে ভিয়েতনামের মতো আয় করা সম্ভব। সেজন্য, পাহাড়ের বিশাল এলাকায় এসব ফসলের চাষ আরো ব্যাপকভাবে ছড়িয়ে দিতে হবে। সে লক্ষ্যেই আমরা কাজ করে যাচ্ছি। তিনি বলেন, কৃষিকে আরো লাভজনক প্রচলিত ফসলের



মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি প্রধান অতিথির বক্তব্য রাখছেন রাঙ্গামাটি সদরের শাহ্ বহুমুখী উচ্চবিদ্যালয়ের সম্মেলন কক্ষে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মতবিনিময় সভায়

পাশাপাশি কফি, কাজুবাদাম, গোলমরিচ, আনারস, আমসহ বিভিন্ন অপ্রচলিত অর্থকরী ফসলের চাষ করতে হবে। পরিদর্শনকালে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রী বীর বাহাদুর উশৈসিং, দীপংকর তালুকদার এমপি, বাসন্তী চাকমা এমপি,

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

## বিশ্ববাজারে আম রপ্তানির পথ সুগম হচ্ছে –মাননীয় কৃষিমন্ত্রী



মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে রফতানিযোগ্য আমের উৎপাদন, বিপণন ও রপ্তানির বিষয়ে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন

বিশ্ববাজারে বাংলাদেশের আমের অনেক চাহিদা রয়েছে উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন দেশে আমের উৎপাদন অনেক বেড়েছে, রপ্তানির সম্ভাবনাও অনেক। তিনি বলেন, আমের রপ্তানি বাড়াতে নানান পদক্ষেপ বাস্তবায়ন কাজ চলছে উত্তম কৃষি চর্চা মেনে আম উৎপাদন, ভ্যাপার হিট ট্রিটমেন্ট স্থাপন, আধুনিক

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

## লবণাক্ত এলাকায় কৃষি উৎপাদন বাড়ানোর ব্যাপক সম্ভাবনা রয়েছে – কৃষি সচিব



খুলনার আভা সেন্টারে সিসিএপির আঞ্চলিক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন সম্মানিত সচিব ওয়াহিদা আক্তার, কৃষি মন্ত্রণালয়

কৃষি সচিব ওয়াহিদা আক্তার বলেছেন, লবণাক্ত এলাকায় কৃষি উৎপাদন বাড়ানোর ব্যাপক সম্ভবনা রয়েছে। মিষ্টি পানি সংরক্ষণের মাধ্যমে সেচের ব্যবস্থা করতে পারলে উপকূলীয় এলাকায় কৃষি বিপ্লব ঘটানো সম্ভব হবে। তিনি আরো বলেন, সরকার সারে ভর্তুকীর পরিমাণ অনেক বাড়িয়েছেন। মাঠ পর্যায়ে সারের ব্যবহার পরিমিত করতে পারলে আলুসহ অন্যান্য ফসল সংরক্ষণ

এরপর পৃষ্ঠা ৫ কলাম ১

## মাটির স্বাস্থ্য ঠিক রেখে পতিত জমিতে আবাদ বৃদ্ধি




অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ড. মোঃ শাহজাহান কবীর, মহাপরিচালক, ব্রি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক, ড. মোঃ শাহজাহান কবীর বলেন, মাটির স্বাস্থ্য ঠিক রেখে পতিত জমিগুলোকে আমরা চাষের আওতায় আনবো। এর আগে বছরের শুরুতেই সকল গবেষণা প্রতিষ্ঠান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিএডিসিসহ কৃষি বিভাগের সকল প্রতিষ্ঠান একসাথে কর্মপরিকল্পনা তৈরি করতে হবে। কুমিল্লা অঞ্চলে আউশ, আমন ও বোরো এ তিন মৌসুমেই ধানের আবাদ হয়। তাই এলাকা উপযোগী অধিক ফলনশীল ধানের জাত নির্বাচন করে শস্যবিন্যাস বাস্তবায়নের মধ্য দিয়ে আবাদ বৃদ্ধি করতে হবে। পতিত জমি সনাক্ত করে চাষের আওতায় এনে দেশের খাদ্য ও পুষ্টি চাহিদা মিটিয়ে কৃষি পণ্য বিদেশে রপ্তানি করা সম্ভব। ২০ মার্চ ২০২৩ ব্রি আঞ্চলিক কার্যালয় কুমিল্লার গবেষণা ও উন্নয়ন কার্যক্রম জোরদার করার মাধ্যমে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ কর্মসূচির আওতায়, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লার হলরুমে সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

ব্রি, কুমিল্লার বৈজ্ঞানিক কর্মকর্তা, এ কে এম সালাহ্উদ্দিন এর সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ড. মোহিত কুমার দে। সভাপতিত্ব করেন এবং ব্রি কুমিল্লার কার্যক্রম পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন, ব্রি কুমিল্লার প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ রফিকুল ইসলাম।

*মোঃ মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*

## ঝালকাঠি সদরে কৃষকদের মাঝে প্রণোদনা বিতরণ করেন আলহাজ আমির হোসেন আমু এমপি



ঝালকাঠি সদরে কৃষকদের মাঝে প্রণোদনা বিতরণ করেন প্রধান অতিথি আলহাজ আমির হোসেন আমু এমপি, ঝালকাঠি-২ আসন

ঝালকাঠি সদরে কৃষকদের মাঝে প্রণোদনা বিতরণ করেন ঝালকাঠি-২ আসনের মাননীয় সংসদ সদস্য আলহাজ আমির হোসেন আমু। এ উপলক্ষ্যে ২১ মার্চ ২০২৩ উপজেলা পরিষদ মিলনায়তনে প্রশাসন ও কৃষি অফিসের উদ্যোগে এক উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. মনিরুল ইসলাম, উপজেলা পরিষদের চেয়ারম্যান খান আরিফুর রহমান এবং জেলা আওয়ামী লীগের সভাপতি সরদার মো. শাহআলম। সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাবেকুন নাহার। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার আলী আহম্মদ, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মো. মঈন তালুকদার প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, বর্তমান কৃষিবান্ধব সরকারের মাননীয় প্রধানমন্ত্রী প্রতি ইঞ্চি জমিকে আবাদের আওতায় আনার জন্য সর্বাধিক গুরুত্ব দিচ্ছেন। তিনি আরো বলেন, বঙ্গবন্ধু জানতেন, তাঁর দেশের মাটিতে সোনা ফলে। তাই তিনি কৃষির প্রতি সর্বাধিক গুরুত্ব দিয়ে দেশকে এগিয়ে নিয়েছিলেন। বর্তমান কৃষিবান্ধব সরকারও বঙ্গবন্ধুর কাঙ্ক্ষিত সোনার বাংলা গড়তে কাজ করে যাচ্ছে। তাইতো আজ আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। উপজেলা কৃষি অফিসার জানান, চলতি খরিফ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় উপজেলার ৪ হাজার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক প্রত্যেককে বিনামূল্যে ৫ কেজি উফশী আউশ ধানের বীজ ও ১০ কেজি হারে ডিএপি এবং এমওপি সার দেয়া হবে। অনুষ্ঠানে তিন শতাধিক কৃষক উপস্থিত ছিলেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

## দিনাজপুরে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত

তেলজাতীয় ফসলের উৎপাদান বৃদ্ধি প্রকল্পের আঞ্চলিক কর্মশালা ১৬ মার্চ ২০২৩ ব্যাক লার্নিং সেন্টার, বাঁশেরহাট, দিনাজপুরে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের দিনাজপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত) কৃষিবিদ মো. শফিকুল ইসলাম। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ক্রপস উইংয়ের পরিচালক কৃষিবিদ স্বপন কুমার খাঁ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুরের কৃষি অনুষদ বিভাগের ডিন প্রফেসর ড. বিধান চন্দ্র হালদার এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের রংপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মো. আফতাব হোসেন। উক্ত কর্মশালায় প্রকল্পের কী নোট উপস্থাপন করেন তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের প্রকল্প পরিচালক কৃষিবিদ মো. জসীম উদ্দিন।

প্রধান অতিথি বলেন এই প্রকল্পের প্রধান উদ্দেশ্যে হলো তেলজাতীয় ফসলের সম্প্রসারণ এবং উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশে ভোজ্যতেলের চাহিদা পূরণ করা ও আমদানি ব্যয় হ্রাস করা। প্রচলিত শস্যবিন্যাসে গবেষণা প্রতিষ্ঠানে প্রমাণিত স্বল্পমেয়াদী তেল ফসলের আধুনিক জাত অন্তর্ভুক্ত করে বর্তমান তেল ফসলের (সরিষা, তিল, সূর্যমুখী, চীনাবাদাম, সয়াবিন) আবাদি এলাকা বৃদ্ধি করা। ব্লকভিত্তিক কৃষক গ্রুপ গঠনের মাধ্যমে তেল ফসলের আবাদ সম্প্রসারণ এবং টেকসই করা।



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ স্বপন কুমার খাঁ, পরিচালক, ক্রপস উইং, ডিএই

কর্মশালায় জেলা, উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীবৃন্দ, বীজ প্রত্যয়ন এজেন্সির কর্মকর্তাবৃন্দ, কৃষি তথ্য সার্ভিসের কর্মকর্তা এবং কৃষক-কৃষাণীবৃন্দ উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ মোঃ শাহাদৎ হোসেন, কৃতসা, রংপুর*

## চট্টগ্রামে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট কৃষি সেমিনার অনুষ্ঠিত




*সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. অরবিন্দ কুমার রায়, অতিরিক্ত পরিচালক, ডিএই, চট্টগ্রাম অঞ্চল*

কৃষি তথ্য সার্ভিস চট্টগ্রাম অঞ্চলের আয়োজনে গত ৮ এপ্রিল ২০২৩ সকাল ১০টা কৃষি তথ্য সার্ভিস চট্টগ্রাম অঞ্চলের কনফারেন্স হলরুমে "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট কৃষি" অনুষ্ঠিত সভায় ড. সুরজিত সাহা রায়, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস খামারবাড়ি ঢাকার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চট্টগ্রাম অঞ্চলের, অতিরিক্ত পরিচালক ড. অরবিন্দ কুমার রায়। প্রধান অতিথি তার বক্তব্যে কৃষিকে স্মার্ট কৃষিতে রূপান্তরের জন্য নতুন প্রজন্মের কর্মকর্তাগণদের প্রয়োজনীয় পদক্ষেপ ও প্রস্তুতি নিতে এখন থেকেই রেডি থাকতে বলেন।

সভাপতি মহোদয় তার বক্তব্যে, কৃষি তথ্য সার্ভিসের বর্তমান ও ভবিষ্যৎ পরিকল্পনাসহ চতুর্থ প্রজন্মের কৃষি নিয়ে বিষদ আলোচনা করেন। সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তড়িৎ ও ইলেকট্রনিক্স কৌশল বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ আহসান উল্লাহ, তিনি SDG বাস্তবায়নে চতুর্থ প্রজন্মের কৃষির রূপরেখা বিষদভাবে প্রজেক্টরের মাধ্যমে তুলে ধরেন এবং ভিডিও প্রদর্শনের মাধ্যমে, কম্পিউটার, সেন্সর রোবট এবং বিভিন্ন যন্ত্রপাতি অল্পসময়ে কোন জনবল ছাড়াই কিভাবে ব্যবহৃত হবে সে বিষয়ে তুলে ধরেন এবং বাস্তবায়নের জন্য বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বৈজ্ঞানিক, কৃষি বিষেশজ্ঞ ও স্মার্ট কৃষকগণ সম্মিলিতভাবে কাজ করে বাস্তবায়ন করতে সক্ষম হবে।

সভায় বিশেষ অতিথি হিসাবে ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অবসর প্রাপ্ত মহাপরিচালক মুকুল চন্দ্র রায়। এ ছাড়াও কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তারা, এআই-সিসিভূক্ত কৃষক, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া প্রতিনিধি ও কৃষি তথ্য সার্ভিস চট্টগ্রাম অঞ্চলের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ সুলতানা রাজিয়া, কৃতসা, চট্টগ্রাম*




## মুন্সীগঞ্জ জেলার টংগিবাড়ী উপজেলায় বিএডিসি আলু-৭ এর মাঠ দিবস অনুষ্ঠিত

২০২২-২৩ অর্থবছরে রবি মৌসুমে কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায়

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*

## বরিশালে লেবুজাতীয় ফসল বিষয়ক কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব




*কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়*

বরিশালে ১১ মার্চ ২০২৩ নগরীর মৎস্য বীজবর্ধন খামারের হলরুমে ডিএইর উদ্যোগে লেবুজাতীয় ফসল বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষ্যে এক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রবীন্দ্রশ্রী বড়ুয়া। বিশেষ অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের এপিএ পুলের সদস্য মো. হামিদুর রহমান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) ক্রপস উইংয়ের পরিচালক স্বপন কুমার খাঁ এবং কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মো. আবু জুবাইর হোসেন বাবলু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিএইর অতিরিক্ত পরিচালক মো. শওকত ওসমান।
কর্মশালায় প্রধান অতিথি বলেন, লেবুজাতীয় ফসল বিষয়ক প্রকল্প আমাদের বিশেষ চাহিদা পূরণ করবে। এর কাজ বাস্তবায়নে কিছু সমস্যা দেখা দিতে পারে। তবে উদ্যোগী কৃষক, সম্প্রসারণ, গবেষণা এবং সুষ্ঠু বিপণন ব্যবস্থপনার মাধ্যমে তা সমাধান সম্ভব। বারি মাল্টার জাত সম্পর্কে তিনি বলেন, সুন্দর কে না পছন্দ করে! তাই প্রতিযোগিতাপূর্ণ বাজারে টিকে থাকার জন্য বারি মাল্টা-১'এর গ্রহণযোগ্যতা বাড়ানো দরকার। সে সাথে সময়মতো ফল সংগ্রহের দিকটিও সমান গুরুত্ব দিতে হবে। বরিশাল সদরের উপজেলা কৃষি অফিসার মার্জিন আরা মুক্তার সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কৃষিসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং কৃষক মিলে শতাধিক অংশগ্রহণকারী ।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*



সিলেট জেলার ওসমানীনগর উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে ফসল উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা পরিষদ মিলনায়তনে কৃষক সমাবেশ এবং আউশ প্রণোদনার সার ও বীজ বিতরণ অনুষ্ঠান ২৯ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে উপজেলা নির্বাহী কর্মকর্তা নীলিমা রায়হানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. মজিবর রহমান, জেলা প্রশাসক, সিলেট; প্রধান আলোচক ছিলেন কৃষিবিদ মোহাম্মদ খয়ের উদ্দিন মোল্লা, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট। প্রধান অতিথির উপস্থিতিতে ওসমানীনগর উপজেলার ৮টি ইউনিয়নের ২ হাজার ২০০ কৃষকদের মধ্যে বিনামূল্যে ৫ কেজি আউশ ধানের বীজ ও ২০ কেজি রাসায়নিক সার বিতরণ করা হয়।

*মো.জুলফিকার আলী, কৃতসা, সিলেট*

## স্মার্ট কৃষিতে চতুর্থ শিল্প বিপ্লবের ব্যবহারের পরিকল্পনা গ্রহণ

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর ১৬ এপ্রিল ২০২৩ “Action Plan for Smart Agriculture through 4IR Technology” শীর্ষক একটি কর্মশালার আয়োজন করা হয়। নাটার মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের পিপিসি উইং এর দায়িত্ব প্রাপ্ত বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব মোঃ রুহুল আমীন তালুকদার। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপনা করেন এটুআই প্রোগ্রামের কনসালটেন্ট (উপসচিব) জনাব আবু সালেহ মো. মাহফুজুল আলম। মূল প্রবন্ধে স্মার্ট বাংলাদেশ গড়ার পিলার, স্মার্ট কৃষিতে চতুর্থ

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

## ইউরোপ ও মধ্যপ্রাচ্যে নরসিংদী থেকে সবজি রপ্তানি

বাংলাদেশের মানুষ একসময় শাক-সবজি ও ফলমূলের অভাবজনিত কারণে অপুষ্টিতে ভুগত। আজ সেই দেশে এত সবজি ফল উৎপাদন হয় যে দেশের চাহিদা মিশিয়ে বিদেশে রপ্তনি করে বৈদেশিক মুদ্রা অর্জন করছে। বিশ্বায়নের যুগে ব্যবসা বাণিজ্য আর ছোটখাটো অবস্থায় সীমাবদ্ধ নেই। অভ্যন্তরীণ গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিক বাজারেও পণ্য বেচাকেনায় প্রতিযোগিতা শুরু হয়েছে। এই প্রতিযোগিতায় পিছিয়ে নেই বাংলাদেশীরাও। তারই ধারাবাহিকতায় জানান বাংলাদেশ হতে মোট রপ্তানির প্রায় ৪০% সবজি ও ফল নরসিংদী জেলা হতে রপ্তানি হয়। জেলার রপ্তানিযোগ্য সবজি ও ফলের প্রায় ৬০% বেলাব হতে রপ্তানি হয়। ২০২১-২০২২ অর্থবছরে উৎপাদিত সবজি রপ্তানির পরিমাণ হলো ২২৪১.২ মে: টন। রপ্তানিকৃত সবজি থেকে অর্জিত বৈদেশিক মুদ্রার পরিমাণ ৮২ কোটি ৭১ লক্ষ টাকা। বেলাবো উপজেলার রহিমের কান্দির কৃষক সাহাবউদ্দিন বলেন, আমরা এখন নিরাপদ সবজি উৎপাদনের



নরসিংদী জেলার বেলাব, শিবপুর, রায়পুরা, মনোহরদী উপজেলার কৃষকরা সবজি রপ্তানি করছে ইতালি, জার্মান, ইংল্যান্ড, ফ্রান্স, কুয়েত, কাতার, দুবাই, মালোশিয়া, ওমান, কানাডা, সুইডেন, ডেনমার্ক, গ্রিস। এসব উপজেলা থেকে রপ্তানি করা হয়-লাউ, চালকুমড়া, কচু, লতি, কচুশাক, কলার থোর, কলার মোচা, পেঁপে, মিষ্টিকুমড়া, শিমেরবীচি, শসা, পটল, চিচিঙ্গা, কাঁকরোল, করলা, ধুন্দল, ঝিঙ্গা, বেগুন।

মোঃ আজিজুর রহমান, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নরসিংদী

জন্য ক্ষতিকর কীটনাশকের পরিবর্তে ব্যবহার করছি সেক্স ফেরোমন ফাঁদ, লিউর, হলুদ ফাঁদ ও জৈব বালাইনাশক তিনি আরো জানান, বিষমুক্ত সবজি ও নিরাপদ খাদ্য যাতে উৎপাদন করতে পারি সে চেষ্টা করে চলেছি কৃষক দল গঠন করে। যাতে সবজি রপ্তানির পাশাপাশি এ দেশের মানুষ নিরাপদ সবজি খেতে পারে। সবচেয়ে আশার কথা এই যে সবজি রপ্তানির কারণে আমরা কৃষকরা সবজির খুব ভালো দাম পাচ্ছি যার কারণে নিরাপদ সবজি চাষে কৃষকের আগ্রহ বাড়ছে।

*অপর্ণা বড়ুয়া, কৃতসা, ঢাকা*

## রাজশাহীর গোদাগাড়ী উপজেলায় সিআইজি কংগ্রেস অনুষ্ঠিত




*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জাহাঙ্গীর আলম, চেয়ারম্যান গোদাগাড়ী উপজেলা পরিষদ*

২০২২-২০২৩ অর্থবছরে ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজি প্রোগ্রাম ফেজ প্রোজেক্ট (এনএটিপি-২) এর আওতায় ১২ এপ্রিল ২০২৩ গোদাগাড়ী উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ হল রুমে সিআইজি কংগ্রেস অনুষ্ঠিত হয়। গোদাগাড়ী উপজেলা নির্বাহী অফিসার সঞ্জয় কুমার মহন্ত এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গোদাগাড়ী উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক (উদ্যান) কৃষিবিদ সাবিনা বেগম। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মরিয়ম আহমেদ।

এরপর পৃষ্ঠা ৫ কলাম ১

## পাবনা জেলার কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত




*সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন জনাব মুহাম্মদ মাসুম বিল্লাহ, উপসচিব (গবেষণা-১ শাখা), কৃষি মন্ত্রণালয়*

৮ এপ্রিল ২০২৩ খ্রি. রোজ শনিবার কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনার কনফারেন্স রুমে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত উপসচিব (গবেষণা-১শাখা) জনাব মুহাম্মদ মাসুম বিল্লাহ। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, কৃষি মন্ত্রণালয়ের সব দপ্তর মিলেই আমরা একটা কৃষি পরিবার। কৃষি মন্ত্রণালয়ের সকল দপ্তরকে বাংলার কৃষির উন্নয়নের জন্য এবং মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা “১ ইঞ্চি জমিও যেন অনাবাদি না থাকে” সেই লক্ষ্যে একে অপরের সহযোগিতার মাধ্যমে সকলকে একত্রে একযোগে কাজ করার আহ্বান জানান। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনার উপপরিচালক ড. মোঃ জামাল উদ্দীন এর সভাপতিত্বে স্বাগত বক্তব্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনার অতিরিক্ত উপ-পরিচালক, জনাব মো. রোকনুজ্জামান পাবনা জেলার কৃষি বিষয়ক বিভিন্ন কার্যক্রম পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন কৃষিবিদ জনাব রাফিউল ইসলাম, উপজেলা কৃষি অফিসার, সুজানগর, পাবনা।

*মো. আসাদুল্লাহ, কৃতসা, পাবনা*

## লবণাক্ত এলাকায় কৃষি উৎপাদন বাড়ানোর ব্যাপক

প্রথম পাতার পর

করা সহজ হবে। দেশে কৃষি উৎপাদন অব্যাহত রাখতে অনাবাদি পতিত জমিকে চাষের আওতায় এনে প্রতি ইঞ্চি জমি সদ্ব্যবহারে মাঠ পর্যায়ে আরো আন্তরিকভাবে কাজ করতে কৃষি কর্মকর্তাদের প্রতি নির্দেশ দেন। ২২ মার্চ ২০২৩ দুপুরে খুলনার আভা সেন্টারে ক্লাইমেট স্মার্ট প্রযুক্তির মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্পের আঞ্চলিক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস এ কর্মশালায় সভাপতিত্ব করেন। প্রকল্পের কার্যক্রম ও স্বাগত বক্তব্য দেন, প্রকল্প পরিচালক শেখ ফজলুল হক মনি। এসময়ে বিএডিসি চেয়ারম্যান আবদুল্লাহ সাজ্জাদ এনডিসি, ডিএই সরেজমিন উইং পরিচালক কৃষিবিদ মোঃ তাজুল ইসলাম পাটোয়ারী, কৃষি তথ্য সার্ভিস পরিচালক কৃষিবিদ ড. সুরজিত সাহা রায়, খুলনা অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোহন কুমার ঘোষ এবং সাবেক মহাপরিচালক ও এসএসিপি কনসালট্যান্ট কৃষিবিদ মোঃ হামিদুর রহমান উপস্থিত ছিলেন। এর আগে কৃষি সচিব স্মলহোল্ডার এগ্রিকালচার কম্পিটি-টিভনেস প্রোজেক্টের বার্ষিক তদারক ও পর্যালোচনা বিষয়ক আঞ্চলিক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে যোগ দেন। সকালে কৃষি সচিব গোপালগঞ্জ, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা ও পিরোজপুর প্রকল্পের আওতায় কৃষক সমাবেশ ও মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করেন। কর্মশালায় খুলনা কৃষি অঞ্চলের চার জেলার জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, উপসহকারী কৃষি কর্মকর্তা, কৃষি উদ্যোক্তা ও প্রগতিশীল কৃষক–কৃষাণি উপস্থিত ছিলেন।

*মোঃ আবদুর রহমান, কৃতসা, খুলনা*

## রংপুরের পীরগাছায় উত্তম চাষাবাদ পদ্ধতিতে

শেষ পাতার পর

কৃষকদের উন্নয়নসহ দেশের স্বার্থে রপ্তানি প্রক্রিয়া সহজ করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (ফাও) প্রতিনিধি রবার্ট ডি. সিম্পসন, বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশনের চেয়ারম্যান ও অতিরিক্ত সচিব আবদুল্লাহ সাজ্জাদ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বাদল চন্দ্র বিশ্বাস, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রংপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক আফতাব হোসেন, এগ্রোন-মিএক্সপোর্ট-ইমপোর্ট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সালমা রহমান, বাংলাদেশ আলু রপ্তানিকারক সমিতির (বিপিইএ) সাধারণ সম্পাদক জাকির হোসেন এবং বিরাহিম আলু উৎপাদনকারী সমবায় সমিতির আলু চাষি সালমা আক্তার আদুরী। অনুষ্ঠানে দেশের প্রধান আলু উৎপাদনকারী অঞ্চল রংপুরে চতুর্থ বার্ষিক আলু রপ্তানির উদ্বোধনী আয়োজনে চারটি উৎপাদনকারী সমবায় সমিতি অংশগ্রহণ করে। এসময় কৃষি বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, পীরগাছা উপজেলা চেয়ারম্যান শাহ মাহবুবার রহমান, উপজেলা নির্বাহী অফিসার নাজমুল হক সুমন, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মোঃ হাবিবুর রহমানসহ রপ্তানিকারক সমিতির সদস্যরা উপস্থিত ছিলেন। এর পরে কৃষিসচিব ওয়াহিদা আক্তার পীরগাছার কল্যাণী ইউনিয়নের স্বচাষ এলাকায় আনুষ্ঠানিকভাবে অহিমায়িত মডেল ঘরে আলু সংক্ষণ কার্যক্রম পরিদর্শন করে নতুন এই ঘরে আলু সংরক্ষণ পদ্ধতিতে কৃষকদের আশার কথা শোনান এবং আলু সংরক্ষণের পদ্ধতি সম্পর্কে চাষিদের উদ্বুদ্ধ করার পাশাপাশি রপ্তানির সুযোগ কাজে লাগাতে উন্নত জাতের আলু চাষে পরামর্শ দেন।

*কৃষিবিদ মোঃ শাহাদৎ হোসেন, কৃতসা, রংপুর*

## রাজশাহীর গোদাগাড়ী উপজেলায় সিআইজি

চতুর্থ পাতার পর

উল্লেখ্য এ গ্রুপের উদ্দেশ্য হচ্ছে নিজেদের মধ্যে যোগাযোগ ঠিক রেখে কৃষির সমস্যা চিহ্নিত করা এবং তারপর সমাধানের উপায় নির্ধারণ করা। সিআইজি কংগ্রেস অনুষ্ঠানে কৃষি বিভাগের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ এবং কৃষক- কৃষাণীসহ প্রায় ২০০ জন অংশ গ্রহণ করেন।

*মো: আমিনুল ইসলাম, কৃতসা, রাজশাহী*

## বিএডিসি সারাদেশে এখন ২৫ ভাগের ওপর বীজ সরবরাহ করছে




*প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. শওকত ওসমান, অতিরিক্ত পরিচালক ডিএই, বরিশাল*

বরিশালে ব্রির হলরুমে ডিএইর উদ্যোগে ১৪ মার্চ ২০২৩ আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাটবীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) অতিরিক্ত পরিচালক মো. শওকত ওসমান বলেন, আগে ধান-গম-পাটের মানসম্মত বীজ সরবরাহে বিএডিসির সক্ষমতা ছিল শতকরা ৮-৯ ভাগ। এই প্রকল্প চলমান অবস্থায় একই প্রতিষ্ঠান হতে সারাদেশে এখন ২৫ ভাগের ওপর বীজ সরবরাহ হচ্ছে। তাই বীজের উৎপাদন আরো বাড়ানো দরকার। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পিরোজপুরের উপপরিচালক মো. নজরুল ইসলাম শিকদার এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার মো. একরামুল হক। উপস্থাপন করেন উপ-প্রকল্প পরিচালক মো. রেজাউল করিম। বরিশাল সদরের উপজেলা কৃষি অফিসার মার্জিন আরা মুক্তার সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কৃষি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং কৃষক মিলে শতাধিক অংশগ্রহণকারী ।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

## সুনামগঞ্জে মাঠে দণ্ডায়মান বোরো ধানের সার্বিক অবস্থা ও কর্তন

সুনামগঞ্জ জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মাঠে দণ্ডায়মান বোরো ধানের সার্বিক অবস্থা ও কর্তন পরিস্থিতি বিষয়ে মতবিনিময় সভা ০২ এপ্রিল ২০২৩ জেলা প্রশাসকের




সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর সভাপতিত্বে মতবিনিময় সভায় কৃষিবিদ বিমল চন্দ্র সোম, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ এর সঞ্চালনায় সুনামগঞ্জের সকল উপজেলা কৃষি কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় জুম প্লাটফর্মে উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ সংযুক্ত ছিলেন। উল্লেখ্য, সুনামগঞ্জ জেলায় বোরো আবাদের লক্ষ্যমাত্রা ছিল ২,২২,৩০০ হেক্টর অর্জন হয়েছে ২,২২,৭৯৫ হেক্টর। যা লক্ষ্যমাত্রার চেয়ে ৪৯৫ হেক্টর বেশি। আবহাওয়া অনুকূলে থাকলে লক্ষ্যমাত্রার চেয়ে বেশি ফসল পাওয়া যাবে বলে আশা করা যায়।

*মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট*

# বরিশালে তেলফসল বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

বরিশালে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের চলমান কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনার ওপর আঞ্চলিক কর্মশালা ৮ এপ্রিল ২০২৩ নগরীর মৎস্য বীজবর্ধন খামারের হলরুমে ডিএইর উদ্যোগে অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ উপলক্ষ্যে এক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রবীন্দ্রশ্রী বড়ুয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) মহাপরিচালক বাদল চন্দ্র বিশ্বাস। বিশেষ অতিথি ছিলেন ডিএই বরিশালের অতিরিক্ত পরিচালক মো. শওকত ওসমান এবং ফরিদপুরের অতিরিক্ত পরিচালক মো. হারুন-অর-রশীদ। কীনোট উপস্থাপন করেন তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের প্রকল্প পরিচালক মো. জসীম উদ্দিন। প্রধান অতিথি বলেন, পামওয়েল আর সয়াবিন তেল আমাদের পুরো বাজার দখল করে আছে। এখানে সরিষাকে প্রতিষ্ঠিত করাতে হবে। এছাড়া ভোজ্যতেলের আমদানিনির্ভরতা কমানোর আর কোনো বিকল্প নেই। দিন দিন সরিষার আবাদ বাড়ছে। এসব বুঝতে পেরে অদৃশ্য প্রতিদ্বন্দ্বী পামওয়েলের আমদানিকারকরা বসে নেই। তারা সরিষার বিরুদ্ধে অপপ্রচার চালিয়ে যাচ্ছে। অথচ সরিষা হলো নিরাপদ তেল। তাই সরিষা আবাদে কৃষকদের উৎসাহিত করার জন্য আমাদের প্রচার-প্রচারণা চালিয়ে যেতে হবে। তাহলেই তেলফসলের উৎপাদন আশানুরূপ বাড়বে। পাশাপাশি আমাদের বৈদেশিক মুদ্রাও সাশ্রয় হবে।

বরিশাল সদরের উপজেলা কৃষি অফিসার মার্জিন আরা মুক্তার সঞ্চালনায় অন্যান্যের মধ্যে এ কর্মশালায় কৃষিসংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের ১৭৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।



*কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়*

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*



মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস উপলক্ষ্যে বীর শহিদদের স্মরণে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে (বিএআরসি) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে ফুলেল শ্রদ্ধা নিবেদন করেন সম্মানিত কৃষি সচিব ওয়াহিদা আক্তার। এ সময়ে কৃষি মন্ত্রণালয়ের সকল দপ্তর সংস্থার প্রধানগণ ও মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিববৃন্দসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এ সময়ে সচিব সকলকে বঙ্গবন্ধুর আর্দশে উজ্জীবিত হয়ে দেশ সেবায় আরো বেশী আত্মনিয়োগের আহ্বান জানান। পরে কৃষি মন্ত্রণালয়ের ও কৃষি তথ্য সার্ভিসের প্রতিনিধিগণ সাভার স্মৃতিসৌধে বীর শহিদদের ফুলেল শ্রদ্ধা জানিয়েছেন (রবিবার, ২৬ মার্চ ২০২৩ )

*প্রেস রিলিজ, কৃষি মন্ত্রণালয়*

# সরকারের যুগান্তকারী পদক্ষেপের কারণে সিলেট অঞ্চলে অনাবাদি জমি চাষাবাদ হচ্ছে



*অনুষ্ঠানে প্রধান অতিথি সিলেটের জেলা প্রশাসক মো. মজিবুর রহমান ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে সার ও আউশ ধানের বীজ বিতরণ করছেন*

কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ০৪ এপ্রিল২০২৩ কানাইঘাট উপজেলার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে সার ও আউশ ধানের বীজ বিতরণ ও কৃষক সমাবেশকালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেটের জেলা প্রশাসক মো. মজিবুর রহমান। প্রধান অতিথির বক্তব্যে বলেন সরকারের পক্ষ থেকে কৃষকদের বিনামূল্যে ধান বীজ, সারসহ নানা ধরনের প্রণোদনার কারণে কৃষিক্ষেত্রে পিছিয়ে পড়া সিলেট অঞ্চলে অনাবাদি হাজার হাজার হেক্টর জমি দিন দিন চাষাবাদের আওতায় আসছে। এতে করে আবাদি এলাকা বেড়েছে, ধানের আবাদ বেড়েছে এবং কৃষকরা সবজি চাষসহ তৈল জাতীয় শস্য উৎপাদনের মাধ্যমে স্বাবলম্বী হচ্ছেন। এসব পদক্ষেপের কারণে কৃষি ক্ষেত্রে আমুল পরিবর্তন সাধিত হচ্ছে।

অনুষ্ঠান শেষে উপজেলার ২ হাজার ৫ শত কৃষকের মাঝে ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার এবং ৫ কেজি হারে উন্নত জাতের আউশ ধানের বীজ বিতরণে আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যৌথ আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির সভাপতিত্বে ও উপসহকারী কৃষি কর্মকর্তার আবুল হারিছের সঞ্চালনায় সার ও বীজ বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোহাম্মদ খয়ের উদ্দিন মোল্লা, উপপরিচালক, ডিএই, সিলেট; আব্দুল মুমিন চৌধুরী, উপজেলা চেয়ারম্যান, কানাইঘাট; খাদিজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, কানাইঘাট, প্রমূখ।

*আ.ন.ম বোরহান উদ্দিন ভূঞা, কৃতসা, সিলেট*

# মুন্সীগঞ্জ জেলার টংগিবাড়ী উপজেলায় বিএডিসি

তৃতীয় পাতার পর

২৮ মার্চ ২০২৩ মুন্সীগঞ্জ জেলার টংগিবাড়ী উপজেলার বলই ইউনিয়নের আইটশাহী বিএডিসি আলু-৭ (কুইনএ্যনি) প্রদর্শনীর মাঠ দিবস অনুষ্ঠান প্রদর্শনী সংলগ্ন মাঠে অনুষ্ঠিত হয়। কৃষিবিদ জয়নুল আলম তালুকদার, উপজেলা কৃষি অফিসার টংগিবাড়ী, মুন্সীগঞ্জ এর সভাপতিত্বে অনুষ্ঠিত মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ রেজাউল করিম, অতিরিক্ত পরিচালক, সরেজমিন উইং, খামারবাড়ি, ঢাকা। অতিথি বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ এস এম সোহরাব উদ্দিন, অতিরিক্ত পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল ঢাকা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ ড. মোঃ আব্দুল আজিজ, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ এবং কৃষিবিদ জনাব এবিএম ওয়াহিদুর রহমান, জেলা প্রশিক্ষণ কর্মকর্তা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ। এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসের কর্মকর্তাবৃন্দ এবং কৃষক-কৃষানি।

উল্লেখ্য, বিএডিসির আলু-৭ এর ফলন হেক্টরপ্রতি ৪০ টনেরও বেশি। পুরাতন জাতের চেয়ে এই আলুর ফলন প্রায় দ্বিগুণ।

*আশিষ তরফদার, কৃতসা, ঢাকা*

## স্মার্ট কৃষিতে চতুর্থ শিল্প বিপ্লবের ব্যবহারের

*চতুর্থ পাতার পর*

শিল্প বিপ্লবের ব্যবহার সম্পর্কে বিস্তারিত তুলে ধরা হয়। প্রবন্ধে চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি ব্যবহারে বিশ্বের দরবারে বাংলাদেশের অবস্থান চ্যালেঞ্জ ও করণীয় বিষয়াদি নিয়েও বিস্তারিত আলোচনা করা হয়। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে ইসলাম। তাঁরা মূল প্রবন্ধের উপর আলোচনা করেন এবং স্মার্ট কৃষির উপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের ১৭টি দপ্তরের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। তারা ০৮টি গ্রুপে বিভক্ত হয়ে প্রচলিত সেবার সাথে চতুর্থ শিল্প




*কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: রুহুল আমীন তালুকদার অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়*

উপস্থিত ছিলেন নাটার পরিচালক (প্রশিক্ষণ) ড. মো. মঈন উদ্দিন এবং পরিচালক (প্রশাসন) জনাব মো. আব্দুর রহিম। এ ছাড়াও আলোচক/ ফ্যাসিলিটেটর হিসেবে উপস্থিত ছিলেন এটুআই প্রোগ্রামের সহকারী প্রোগ্রামার জনাব মো. রিয়াজুল বিপ্লবের প্রযুক্তির ব্যবহার নিয়ে নতুন নতুন আইডিয়া বের করেন। এরপর প্রতিটি গ্রুপ তাদের আইডিয়া উপস্থাপনা করেন। কর্মশালাটি মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গড়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

*কৃষিবিদ ড. মুহাম্মদ শাহাদৎ হোসাইন সিদ্দিকী, (হর্টিকালচার ক্রপ ডিভিজন), নাটা, গাজীপুর*

## পুষ্টি কর্নার : সজিনা



সজিনা এক ধরনের সবজি-যার মধ্যে ভেষজ গুণ যেমন আছে, তেমনি পুষ্টিগুণও ষোলোআনা। এটি ডায়াবেটিক রোগীদের সুগারের মাত্রা কমিয়ে রাখতে সাহায্য করে। সজিনাতে মিনারেল, ভিটামিন, অ্যান্টি-অক্সিডেন্টের অপূর্ব এক সমন্বয় রয়েছে, যা মানুষের কর্মক্ষমতা বাড়াতে সহায়তা করে। সজিনা রক্তে কোলেস্টেরলের মাত্রা কমায় এবং ধমনিতে অনাবশ্যক রক্ত জমাটেও বাধা দেয়। জলবসন্ত রোগ প্রতিরোধে সজিনার আছে বিশেষ ক্ষমতা। ডায়রিয়ার বিরুদ্ধে লড়ার ক্ষমতাও আছে এ সবজির। এর পরিপক্ক বীজ দিয়ে পানি শোধন করা যায়। আয়রন, ক্যালসিয়াম, ভিটামিন-সুষম খাবারের সব উপাদানই আছে সজিনাতে।

প্রতি ১০০ গ্রাম সজনাতে জলীয় অংশ ৮৩.৩ গ্রাম, খনিজ ১.৯ গ্রাম, আঁশ ৪.৮ গ্রাম, প্রোটিন ৩.২ গ্রাম, চর্বি ০.১ গ্রাম, শর্করা ১১.৪ গ্রাম, ক্যালসিয়াম ২১ মিলিগ্রাম, লোহা ৫.৩ মিলিগ্রাম, ক্যারোটিন ৭৫০ মাইক্রোগ্রাম, ভিটামিন বি১ ০.০৪ মিলিগ্রাম, ভিটামিন বি২ ০.০২ মিলিগ্রাম, ভিটামিন সি ৪৫ মিলিগ্রাম এবং খাদ্যশক্তি আছে ৬০ কিলোক্যালোরি।

*সংকলন- ওয়েব সাইট*




রাঙ্গামাটি জেলার নানিয়ারচর উপজেলার কৃষক কৃষাণিদের সাথে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। *(বৃহস্পতিবার, ০৬ এপ্রিল ২০১৩)* *প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## বিশ্ববাজারে আম রপ্তানির পথ সুগম হচ্ছে

*প্রথম পাতার পর*

প্যাকিং হাউজ নির্মাণ এবং কৃষক, ব্যবসায়ী, রপ্তানিকারকদের প্রশিক্ষণসহ নানান উদ্যোগ বাস্তবায়ন কাজ চলছে এবং ইতোমধ্যে ৪৭ কোটি টাকার রফতানিযোগ্য আম উৎপাদন প্রকল্প নেয়া হয়েছে। এর মাধ্যমে উত্তম কৃষি চর্চার মাধ্যমে আম উৎপাদন, রফতানিযোগ্য জাতের আম বাগান সৃজন, বিদ্যমান আম বাগানে সার ও বালাই ব্যবস্থাপনা, আধুনিক প্রযুক্তি ব্যবহার (প্রুনিং ব্যাগিং ও বালাই ব্যবস্থাপনা) মানসম্মত আম উৎপাদন; কৃষক, রপ্তানিকারক, বাজারজাতকারী, আম পরিবহন ও কার্গো ব্যবস্থাপনায় জড়িতদের প্রশিক্ষণের কাজ চলছে। ১৩ এপ্রিল ২০২৩ বৃহস্পতিবার বিকেলে সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে রফতানিযোগ্য আমের উৎপাদন, বিপণন ও রপ্তানির বিষয়ে আলোচনা সভায় মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

সভায় কৃষিসচিব ওয়াহিদা আক্তার, মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা, সংস্থা প্রধান, আম চাষি, উদ্যোক্তা, ব্যবসায়ী ও রপ্তানিকারকদের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সভায় জানানো হয়, বাংলাদেশে বছরে আমের উৎপাদন প্রায় ২৪ লাখ মে.টন। আম পরিবহন, সংরক্ষণ ও বাজারজাতকরণ এবং উৎপাদন পর্যায় আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহার না করায় উৎপাদিত আমের ২৫-৩০% নষ্ট হয়ে যায়। বাংলাদেশ থেকে ২০২১-২২ অর্থবছরে ১৭৫৭ মে.টন আম রফতানি হয়েছে। আম উৎপাদনে বাংলাদেশ ৭ম অবস্থানে থাকলেও রফতানিতে শীর্ষ দেশের মধ্যে বাংলাদেশ নাই। বাংলাদেশ থেকে প্রায় লক্ষাধিক টন আম রফতানির সম্ভাবনা রয়েছে। ইতোমধ্যে ইংল্যান্ড, জাপান, রাশিয়াসহ ইউরোপীয় বিভিন্ন দেশ বাংলাদেশ থেকে আম আমদানির আগ্রহ দেখিয়েছে। বিশ্বে ২১ জাতের আম রফতানি হয়ে থাকে, যার অনেক গুলোই বাংলাদেশে উৎপাদিত হয়। বাংলাদেশে প্রায় ৭২ জাতের আম উৎপাদিত হয়, যার মধ্যে জনপ্রিয় জাতগুলো হলো-খিরসাপাত, গোপাল ভোগ, লেংড়া, ফজলি, হাড়িভাঙ্গা, আম্রপালি ইত্যাদি। ইতোমধ্যে বাংলাদেশের দুইটি জাত (খিরসাপাত, ফজলি) জিআই পণ্য হিসেবে স্বীকৃতি পেয়েছে (২০২২-২৭)।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## কৃষি আধুনিক হলেই মানুষের জীবনমানের উন্নয়ন

*প্রথম পাতার পর*

কৃষিসচিব ওয়াহিদা আক্তার, বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মো: বখতিয়ার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বাদল চন্দ্র বিশ্বাস, রাঙ্গামাটির জেলা প্রশাসক, পুলিশ সুপার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক প্রমুখ উপস্থিত ছিলেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

# কৃষি উৎপাদন অব্যাহত রাখতে বিশাল ভর্তুকি দিয়ে যাচ্ছে সরকার: মাননীয় কৃষিমন্ত্রী

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, খাদ্যের জন্য আমরা অন্যের উপর নিভরশীল হতে পারি না। সেজন্য কৃষি উৎপাদন অব্যাহত রাখতে ও খাদ্য নিরাপত্তার জন্য কৃষিতে বিশাল ভর্তুকি দিয়ে যাচ্ছে সরকার। এ ছাড়া পৃথিবীর অনেক দেশের তুলনায় আমাদের দেশে বেশি ভর্তুকি দিয়ে কৃষিকে লাভজনক করার চেষ্টা করছে সরকার। জাপানের উদাহরণ টেনে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, জাপানের জিডিপিতে কৃষির অবদান শতকরা দুই ভাগেরও কম, কিন্তু জাপান সরকার খাদ্য নিরাপত্তার জন্য, খাদ্যে স্বয়ংসম্পূর্ণ থাকার জন্য বিশাল ভর্তুকি দিয়ে যাচ্ছে। ১২ এপ্রিল ২০২৩ বুধবার সন্ধ্যায় রাজধানীর গুলশানে হোটেল রেনেসাঁয় গতানুগতিক কৃষিকে স্মার্ট কৃষিতে রূপান্তরে করণীয় শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ এ সেমিনারের আয়োজন করে।

বর্তমান সরকার নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী কৃষিকে আধুনিক ও লাভজনক করতে কাজ করছে উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন ৫০-৭০% ভর্তুকিতে কৃষকদের কৃষিযন্ত্র দেয়া হচ্ছে। ফলে কৃষি যান্ত্রিকীকরণ ও আধুনিকীকরণের দিকে এগিয়ে যাচ্ছে। সরকারের উদ্যোগের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তা, ব্যবসায়ীদের এগিয়ে আসতে হবে। কৃষি উৎপাদন, যান্ত্রিকীকরণ, প্রক্রিয়াজাতে বিনিয়োগ করতে হবে। মাননীয় কৃষিমন্ত্রী বলেন,



*মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি রাজধানীর গুলশানে হোটেল রেনেসাঁয় গতানুগতিক কৃষিকে স্মার্ট কৃষিতে রূপান্তরে করণীয় শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন*

২০৪০ সালের মধ্যে দেশকে উন্নত দেশের কাতারে নিয়ে যাওয়ার জন্য কাজ করছে সরকার। সেই লক্ষ্যে কৃষি সেক্টরকেও সেইভাবে প্রস্তুত করা হচ্ছে। আয়োজক সংগঠনের প্রেসিডেন্ট ব্যারিস্টার সামির সাত্তারের সভাপতিত্বে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস চ্যান্সেলর প্রফেসর এম এ সাত্তার মন্ডল, আইসিটি বিভাগের সচিব মো. শামসুল আরেফিন, বিশ্ব খাদ্য কর্মসূচির বাংলাদেশ প্রতিনিধি ডোমেনিকো স্কালপেলি, কৃষি ও গণমাধ্যম ব্যক্তিত্ব শাইখ সিরাজ, প্রাণ গ্রুপের চেয়ারম্যান আহসান খান চৌধুরী, এসিআই এগ্রিবিজনেসের ব্যবস্থাপনা পরিচালক এফএইচ আনসারী প্রমুখ বক্তব্য রাখেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি রাঙ্গামাটি শহরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আঞ্চলিক অফিসে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় রাঙ্গামাটি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালকের কার্যালয়ে কৃষি আবহাওয়া রেডিও, রাঙ্গামাটি (এফএম ৯৮.০) ও ডিজিটাল ডিসপ্লে বোর্ডের উদ্বোধন করেন। কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় দেশের সকল জেলায় ও সদর দপ্তরে ডিজিটাল ডিসপ্লে বোর্ড এবং ১২টি কৃষি অঞ্চলে কৃষি আবহাওয়া রেডিও স্থাপনের অংশ হিসেবে এটি স্থাপন করা হয়েছে (০৬ এপ্রিল ২০২৩)।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## রংপুরের পীরগাছায় উত্তম চাষাবাদ পদ্ধতিতে উৎপাদিত আলু রপ্তানি উদ্বোধনী অনুষ্ঠান




*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন সম্মানিত সচিব ওয়াহিদা আক্তার, কৃষি মন্ত্রণালয়*

রংপুরের পীরগাছায় ১৯ মার্চ ২০২৩ জাতিসংঘের খাদ্য কৃষি সংস্থা এবং সারা বাংলা কৃষক সোসাইটির উদ্যোগে ও বিরাহিম আইএপিপি কৃষক সমবায় সমিতি লিমিটেডের সহযোগিতায় উত্তম চাষাবাদ পদ্ধতিতে আলু রপ্তানি কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠানে কৃষি সচিব ওয়াহিদা আক্তার বলেছেন, কৃষকরা যাতে আলুর ন্যায্যমূল্য পায় সে জন্য আমরা রাশিয়া ও ভিয়েতনামে আলুর বাজার ধরতে কাজ করে যাচ্ছি। চলতি মৌসুমে বাংলাদেশ থেকে এক লাখ মেট্রিক টন আলু রপ্তানির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। তিনি আরও বলেন, কৃষিপণ্যে রপ্তানি বৃদ্ধি সরকারের অন্যতম লক্ষ্য। আলু রপ্তানিতে সরকার উৎসাহ প্রদান করছে। তৃণমূল পর্যায়ে ক্ষুদ্র ও প্রান্তিক

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ১*

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০. ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd